

বিসিএস (কর) একাডেমী, ঢাকা-এর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন

ক্রমিক নং	বিষয়	বাস্তবায়নে অগ্রগতি
১।	অধীনস্থ অফিস ও মাঠ পর্যায়ের অফিসসমূহে নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজন	বিসিএস (কর) একাডেমী, ঢাকায় প্রতি তিন মাস অন্তর নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হবে।
২।	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বিসিএস (কর) একাডেমী, ঢাকা-এর অফিস প্রধানের নেতৃত্বে কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা আয়োজন করা হবে।
৩।	কর্মকর্তা/ কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ	প্রশিক্ষণ কার্যক্রমকে সফল ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও একটি প্রশিক্ষণ বর্ষপঞ্জী প্রণয়ন করা হয়েছে এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ প্রশিক্ষণের আওতায় আয়কর আইন, হিসাব বিজ্ঞান, অফিস প্রণালী, এম.এস ওয়ার্ড ও এক্সেলসহ শুদ্ধাচার বিষয়ের ওপর বিভাগীয় প্রশিক্ষণ, বুনিয়াদি প্রশিক্ষণ, দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ, নবায়নী প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন প্রশিক্ষণ, কম্পিউটার লিটারেসী প্রশিক্ষণ কোর্স ইত্যাদি প্রশিক্ষণ কোর্স অন্তর্ভুক্ত। শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ চলছে যা চলবে এবং বর্তমানে চলমান বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ৪৬জনকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং বিভিন্ন অফিসে নিয়মিত এ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করা হবে।
৪।	গণ শুনানী	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে বিসিএস (কর) একাডেমী-এর সর্বশেষ অগ্রগতি নিয়মিতভাবে সমন্বয় সভাকে অবহিত করা হয়। প্রাপ্ত অভিযোগের বিষয়ে গৃহীত কার্যক্রম সকলকে অবহিত করা হয়।
৫।	তথ্য অধিকার আইন অনুযায়ী সক্রিয়ভাবে তথ্য প্রদান নিশ্চিত করা	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মোতাবেক তথ্য অধিকার আইন অনুযায়ী বিসিএস (কর) একাডেমী, ঢাকা-এর তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্ধারণপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড-কে অবহিত করা হয়েছে।
৬।	শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান	জাতীয় রাজস্ব বোর্ডের নৈতিকতা কমিটির তৃতীয় সভার কার্যবিবরণীর ৬নং ক্রমিকে বর্ণিত Criteria অনুযায়ী বিসিএস (কর) একাডেমী, ঢাকা-এর শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদানের নিমিত্ত বাছাইকৃত যোগ্য, সৎ ও দক্ষ কর্মকর্তা/ কর্মচারীদের তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
৭।	জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ	জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রয়েছে।
৮।	জবাবদিহিতা শক্তিশালীকরণ	বিসিএস (কর) একাডেমী, ঢাকা-এর অফিসে শুদ্ধাচার চর্চার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ	বিসিএস (কর) একাডেমী এর প্রশিক্ষণ কোর্সের ক্যারিকুলাম/ মডিউলে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং মাসিক সমন্বয় সভাকে ত্রৈমাসিক প্রতিবেদনের মাধ্যমে এর সর্বশেষ অগ্রগতি নিয়মিতভাবে অবহিত করা হচ্ছে।

( মোঃ লুৎফুল আজীম )

মহাপরিচালক

বিসিএস (কর) একাডেমী, ঢাকা